

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
[www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd)

নং-২৮.০০.০০০০.০১১.২৫.০৭৩.১৬(অংশ-২)

তারিখ : ০৬ অগ্রহায়ণ, ১৪২৩  
২০ নভেম্বর, ২০১৬**অফিস আদেশ**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ পেট্রোবাংলা ও তার আওতাধীন তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (টিজিটিডিসিএল) এবং বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড (বাপেক্স)-এর নিম্নবর্ণিত ০৩ (তিন) জন কর্মকর্তার নামের পার্শ্বে বর্ণিত সময়সূচি অনুযায়ী আজমীর শরীফ জিয়ারত/তীর্থ স্থান পরিদর্শন/ ধর্মীয় ও ঐতিহাসিক স্থানসমূহ পরিদর্শনের উদ্দেশ্যে তাঁদের স্ব-স্ব নামের পার্শ্বে বর্ণিত সময়সূচি অনুযায়ী বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরপূর্বক নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সফর সঙ্গীসহ ভারত/সিঙ্গাপুর/ইন্দোনেশিয়া গমন ও অবস্থানের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হল :-

ক্রম নং	নাম, পদবি ও কোম্পানি	সফর সঙ্গী	মঞ্জুরকৃত বহিঃবাংলাদেশ ছুটির মেয়াদ	ভ্রমণের উদ্দেশ্য
(১)	জনাব মোঃ ফজলুল হক মল্লিক উপ-মহাব্যবস্থাপক টিজিটিডিসিএল।	-	প্রকৃত যাত্রার তারিখ হতে ১২ (বার) দিন। ভারত সফর।	আজমীর শরীফ জিয়ারত
(২)	জনাব জগদীশ চন্দ্র ভৌমিক, উপ-ব্যবস্থাপক পেট্রোবাংলা।	স্ত্রী	প্রকৃত যাত্রার তারিখ হতে ১২ (বার) দিন। ভারত সফর।	তীর্থ স্থান পরিদর্শন
(৩)	জনাব মোঃ ওমর পারভেজ, ব্যবস্থাপক বাপেক্স।	স্ত্রী	প্রকৃত যাত্রার তারিখ হতে ১০ (দশ) দিন। সিঙ্গাপুর ও ইন্দোনেশিয়া সফর।	ধর্মীয় ও ঐতিহাসিক স্থানসমূহ পরিদর্শন

**শর্তাবলী**

- (ক) তাঁদের বিদেশে অবস্থানকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদেয় হবে;
- (খ) বর্ণিত সফরের যাবতীয় ব্যয়ভার তাঁরা তাদের ব্যক্তিগত তহবিল হতে বহন করবেন। এতে তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড/বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড পেট্রোবাংলা কিংবা বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না; এবং
- (গ) তাঁদের উক্ত অনুমোদিত ছুটি বৃদ্ধি করা যাবে না।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষর

(মোঃ শহিদুল ইসলাম)  
উপ-সচিব  
ফোন : ৯৫১৪১৬৫।

নং-২৮.০০.০০০০.০১১.২৫.০৭৩.১৬ (অংশ-২). ২০১৬

তারিখ : ০৬ অগ্রহায়ণ, ১৪২৩  
২০ নভেম্বর, ২০১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : কনসুলার সেকশন; প্রয়োজনীয় নোট ভারবাল জারির অনুরোধসহ)।
- ২। চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। বাংলাদেশস্থ ভারত হাইকমিশন/সিঙ্গাপুর হাইকমিশন/ইন্দোনেশিয়া হাইকমিশন।
- ৬। ভারতস্থ বাংলাদেশ হাইকমিশন/সিঙ্গাপুরস্থ বাংলাদেশ হাইকমিশন/ইন্দোনেশিয়াস্থ বাংলাদেশ হাইকমিশন।
- ৭। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল/বাপেক্স।
- ৯। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১০। জনাব.....
- ১১। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/যশোর, বেনাপোল/সীমান্তপুর, কুমিল্লা।
- ১২। আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১৩। অফিস কপি।

(মোঃ শহিদুল ইসলাম)  
উপ-সচিব